



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২৪-২৭

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: হরিণাকুন্ডু পৌরসভার বকেয়া ট্যাক্স, অডিট আপত্তি এবং উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি প্রেরণ।

সূত্র: ডিডিএলজি, ঝিনাইদহ এর স্মারক নং-১০৭৯, তারিখঃ ১৪/১২/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, হরিণাকুন্ডু পৌরসভার-

(ক) চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ধার্যকৃত ট্যাক্সের বিপরীতে আদায় ও বকেয়ার তথ্যাদি;

(খ) সাবেক পৌর মেয়র, শাহিনুর রহমানের নিকট পৌরসভার পাওনা ৩৭,৯২,৩৭১/- টাকা আদায়ে জেলা ও দায়রা জজ আদালতে চলমান মামলা নং-১৭৯/২২ ও ১৮০/২২ এর সর্বশেষ অগ্রগতি;

(গ) পৌরসভার গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত ৭টি প্যাকেজের আওতায়

বাস্তবায়িত প্রকল্পসমূহের স্থির চিত্রসহ তথ্যাদি এবং চলতি অর্থ বছরে গৃহিত ও বাস্তবায়িত প্রকল্পের তথ্য(নির্ধারিত ছকে); এবং

(ঘ) ১৭টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির (প্রমাণকসহ) তথ্যাদি পত্র প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-২-২০২৪

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

মেয়র, হরিণাকুন্ডু পৌরসভা, ঝিনাইদহ।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২৪-২৭/১(৭)

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৪) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

১৫-২-২০২৪

মোঃ শাহজালাল
সহকারী সচিব